গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, বিদ্যুৎ বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

## সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ..................... ৩

প্রস্তাবনা ..................... ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ..................... ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ..................... ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ..................... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ..................... ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ..................... ১৪

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ..................... ১৫

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহ :

বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারে জনসাধারণের কাছে বিদ্যুতের সুফল পৌঁছে দেয়া একটি অন্যতম অঙ্গীকার। এ প্রতিশ্রুতি পূরণের লক্ষ্যে সরকার নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। বিদ্যুৎ খাতের প্রকল্পসমূহ বাস্তবায়নের ফলে ২০০৯ সালের স্থাপিত উৎপাদন ক্ষমতা ৪,৯৪২ মেগাওয়াট থেকে বৃদ্ধি পেয়ে ২০১৫ সালে ১৪,৫৩৯ (ক্যাপটিভসহ) মেগাওয়াটে উন্নীত হয়েছে। তন্মধ্যে গত ৩ বছরে উৎপাদন ৩,৩৯৫ মেগাওয়াট বৃদ্ধি পেয়েছে এবং সিস্টেম লস ১.১৫% হ্রাস পেয়েছে। বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি শুরু থেকেই বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এরই ফল হিসেবে এ সময়ে ৭৪০ সার্কিট কিলোমিটার সঞ্চালন লাইন ও ৫৫,০০০ কিলোমিটার বিতরণ লাইন নির্মাণ করে নতুন ৬২ লক্ষ গ্রাহককে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। এতে বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠির সংখ্যা ৬০% থেকে ৭৬% এ উন্নীত হয়েছে। মাথাপিছু বিদ্যুৎ উৎপাদন ২৬৪ কিলোওয়াট ঘন্টা থেকে বৃদ্ধি পেয়ে ৩৭১ কিলোওয়াট ঘন্টা হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

সীমিত সম্পদ দিয়ে আমাদের মত উন্নয়নশীল দেশের চাহিদার সাথে ভারসাম্য রক্ষা করে বিদ্যুৎ উৎপাদন করা কঠিন কাজ। বিশ্ব রাজনীতিতে পরিবর্তন, বৈদেশিক বিনিয়োগে বাধা এবং নিজস্ব সম্পদের সীমাবদ্ধতা বিদ্যুৎখাতে উন্নয়নের জন্য একটি বড় সমস্যা। পরিকল্পনা অনুযায়ী ২০২১ সালে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা দাঁড়াবে ২৪ হাজার মেগাওয়াট এবং ২০৩০ সালে ৪০ হাজার মেগাওয়াট। ২০২১ সালের মধ্যে বিদ্যুৎ উৎপাদন খাতে বিনিয়োগ প্রয়োজন হবে প্রায় ২৩ বিলিয়ন ডলার। এত বিপুল পরিমাণ অর্থের জোগান দেওয়া সত্যিই একটি বড় চ্যালেঞ্জ। এছাড়া বিদ্যুৎ উৎপাদনের জন্য প্রাইমারি ফুয়েল সরবরাহ করাও একটি বড় চ্যালেঞ্জ। এখনও আমাদের দেশে বিদ্যুৎ উৎপাদনের মূল জ্বালানি প্রাকৃতিক গ্যাস। কিন্তু এ নির্ভরতা দিন দিন কমে যাচ্ছে। ২০০৯-১০ অর্থ বছরে গ্যাস থেকে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ ছিল ৮৯.২২% যা ২০১৫-১৬ অর্থ বছরে কমে ৭১.৮০% এ দাঁড়িয়েছে। অপরদিকে তরল জ্বালানির উপর নির্ভরতা বাড়ছে। ২০০৯-১০ অর্থ বছরে তরল জ্বালানি থেকে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ ছিল ৪.৭৭% যা বর্তমানে বৃদ্ধি পেয়ে ১৬.৮০%এ দাঁড়িয়েছে। তরল জ্বালানির শতভাগ বিদেশ থেকে আমদানি করতে হয়। এর জন্য বিপুল পরিমাণ বৈদেশিক অর্থ ব্যয় করতে হয়। জ্বালানি নিরাপত্তা বিধানের লক্ষ্যে নতুন পরিকল্পনা অনুযায়ী বিদ্যুৎ উৎপাদনের জন্য কয়লাকে মূল জ্বালানি হিসেবে বিবেচনা করা হয়েছে। ২০৩০ সালে কয়লা থেকে ৫০% বিদ্যুৎ উৎপাদন হবে যা বর্তমানে ২%। কাজেই বিদ্যুৎ উৎপাদনের জন্য জ্বালানি বহুমুখীকরণ একটি বড় চ্যালেঞ্জ। উল্লেখ্য গত ৬ বছরে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ৩ গুণ বৃদ্ধি পেয়েছে এবং গ্রাহক সংখ্যা ২.০৫ কোটিতে উন্নীত হয়েছে কিন্তু সে অনুপাতে সংস্থাগুলোতে জনবল বৃদ্ধি পায়নি। মানসম্মত ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে পর্যাপ্ত জনবল নিয়োগ ও প্রশিক্ষণের মাধ্যমে উন্নত মানব সম্পদ গড়ে তোলা একান্ত অপারিহার্য।

### ভবিষ্যৎ পরিকল্পনাঃ

২০২১ সালে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা দাঁড়াবে ২৪ হাজার মেগাওয়াট। এর জন্য প্রকল্পে অর্থায়ন, বিনিয়োগে আকৃষ্টকরণ, জ্বালানি বহুমুখীকরণ, দক্ষ জনবল প্রতিষ্ঠা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বিদ্যুৎখাতের পারফরমেন্স উন্নয়ন ও উন্নত গ্রাহক সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি পর্যাপ্ত বিদ্যুৎ সঞ্চালন ও বিতরণ অবকাঠামো নির্মাণের লক্ষ্যে ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ সময়ের মধ্যে বিদ্যুতের সিস্টেম লস সিঙ্গেল ডিজিটে নামিয়ে আনা হবে। আশা করা যায় বিদ্যুতের মাথাপিছু ব্যবহার ৬০০ কিলোওয়াট ঘন্টায় উন্নীত হবে।

### ২০১৬-১৭ অর্থ বছরের সম্ভাব্য প্রধান লক্ষ্যমাত্রাসমূহ:

- বিদ্যুতের উৎপাদন ক্ষমতা ১০৫০ মেগাওয়াট বৃদ্ধি;
- ১৯ হাজার কিলোমিটার নতুন বিতরণ লাইন নির্মাণ;
- ২০০ সার্কিট কিলোমিটার নতুন সঞ্চালন লাইন নির্মাণ;
- ২৪ হাজার প্রি-পেমেন্ট মিটার স্থাপন এবং
- বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠি ৭৮% এ উন্নীতকরণ।

# উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বিদ্যুৎ বিভাগ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের আগস্ট মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision):

যৌক্তিক ও সহনীয় মূল্যে সকল জনগণের জন্য নির্ভরযোগ্য ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ খাতের সমন্বিত উন্নয়নের মাধ্যমে ২০২১ সালের মধ্যে সকলের জন্য নির্ভরযোগ্য বিদ্যুৎ নিশ্চিত করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন।
২. বিদ্যুৎ উৎপাদন খাতের উন্নয়ন।
৩. বিদ্যুৎ সঞ্চালন খাতের উন্নয়ন।
৪. বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠি বৃদ্ধি।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. কর্ম পরিবেশ উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা সম্প্রসারণের মাধ্যমে দেশের সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন;
২. বিদ্যুৎ খাতের আইন, বিধি, প্রবিধান ও নীতিমালা প্রণয়ন, সংশোধন ও হালনাগাদকরণ;
৩. বিদ্যুৎ উৎপাদনে জ্বালানির ব্যবহার বহুমুখীকরণ;
৪. বিদ্যুৎ খাতে যৌথ উদ্যোগ ও বেসরকারি বিনিয়োগে উৎসাহ প্রদান;
৫. পল্লী অঞ্চলে বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন;
৬. বিদ্যুৎ খাতের সংস্থা/কোম্পানিসমূহের কার্যক্রম তদারকি;
৭. নবায়নযোগ্য জ্বালানি, জ্বালানি দক্ষতা ও জ্বালানি সাশ্রয় কার্যক্রমের উন্নয়ন এবং
৮. প্রতিবেশি দেশসমূহের মধ্যে বিদ্যুৎ আমদানি-রপ্তানি এবং হাইড্রো-পাওয়ার প্রকল্পের বিনিয়োগে অংশগ্রহণ।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠির আওতা সম্প্রসারণ | সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠি | % | ৭০ | ৭৬ | ৭৮ | ৮০ | ৮২ | অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, বিপিডিবি, বিআরইবি, ডিপিডিসি, ডেসকো ও ওজোপাডিকো | মূল উপাত্ত সূত্র: বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, সংস্থা/কোম্পানি সমূহের এমআইএস/ এমওডি/কমার্শিয়াল স্ট্যাটিস্টিকস। সহায়ক সূত্র: পাওয়ার সেল রিপোর্ট |
| সঞ্চালন ও বিতরণ ব্যবস্থার পারফরমেন্স উন্নয়ন | সিস্টেম লস হ্রাস | % | ১৩.৫৫ | ১৩.৫৪ | ১৩.৫০ | ১৩.৪৫ | ১৩.৪০ | অর্থ বিভাগ,পরিকল্পনা কমিশন, বিপিডিবি, বিআরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো ও বিদ্যুৎ বিভাগ। | মূল উপাত্ত সূত্র: বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, সংস্থা/কোম্পানি সমূহের এমআইএস/ এমওডি/কমার্শিয়াল স্ট্যাটিস্টিকস। সহায়ক সূত্র: পাওয়ার সেল রিপোর্ট |
| নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ | বার্ষিক গড় সিস্টেম ইন্টারাপশন কাল | মিনিট | ২৮০০ | ২৫০০ | ২৪০০ | ২৩০০ | ২২০০ | বিপিডিবি, বিআরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো, পাওয়ার সেল ও বিদ্যুৎ বিভাগ। | মূল উপাত্ত সূত্র: বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, সংস্থা/কোম্পানি সমূহের এমআইএস/ এমওডি/কমার্শিয়াল স্ট্যাটিস্টিকস। সহায়ক সূত্র: পাওয়ার সেল রিপোর্ট |
| বিদ্যুতের বকেয়া আদায় বৃদ্ধি | বকেয়া হ্রাসকরণ | সমমাস | ২.০১ | ২.১১ | ২.১০ | ১.৯৫ | ১.৯০ | বিপিডিবি, বিআরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো, পাওয়ার সেল ও বিদ্যুৎ বিভাগ। | মূল উপাত্ত সূত্র: বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, সংস্থা/কোম্পানি সমূহের এমআইএস/ এমওডি/কমার্শিয়াল স্ট্যাটিস্টিকস। সহায়ক সূত্র: পাওয়ার সেল রিপোর্ট |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন। | ৩৭ | [১.১] বিতরণ লাইন সম্প্রসারণ | [১.১.১] সংযোজিত লাইন | কিঃমিঃ | ৮.০০ | ১৬২৫০ | ১৫০০০ | ২০০০০ | ১৯০০০ | ১৮৫০০ | ১৮০০০ | ১৭৫০০ | ২০০০০ | ২১০০০ |
| | | [১.২] উপকেন্দ্রের ক্ষমতা সংযোজন | [১.২.১] ক্ষমতা বর্ধিতকরণ | এমভিএ | ৮.০০ | ৮০০ | ১০০০ | ১০৫০ | ১০০০ | ৯৫০ | ৯০০ | ৮৫০ | ১১০০ | ১২০০ |
| | | [১.৩] বিতরণ সিস্টেম লস হ্রাসকরণ | [১.৩.১] সিস্টেম লস | % | ১০.০০ | ১১.৩৫ | ১১.৩৪ | ১১.২৫ | ১১.২৭ | ১১.৩০ | ১১.৩২ | ১১.৩৪ | ১০.৯০ | ১০.৮০ |
| | | [১.৪] প্রি-পেমেন্ট মিটার প্রবর্তন | [১.৪.১] প্রি-পেইড মিটার স্থাপন | সংখ্যা | ৪.০০ | ১৭২৮৭ | ৮০০০ | ৫০০০০ | ৪৮০০০ | ৪৬০০০ | ৪৪০০০ | ৪২০০০ | ৩০০০০ | ৪০০০০ |
| | | [১.৫] বৈদ্যুতিক লাইসেন্স ইস্যু | [১.৫.১] ইস্যুকৃত লাইসেন্স | সংখ্যা | ১.০০ | ৩২৭৩ | ৩৬০০ | ৪০০০ | ৩৮০০ | ৩৬০০ | ৩৪০০ | ৩২০০ | ৪০০০ | ৪২০০ |
| | | [১.৬] বৈদ্যুতিক লাইসেন্স নবায়ন | [১.৬.১] নবায়নকৃত লাইসেন্স | সংখ্যা | ২.০০ | ৮৮৯০ | ৯৫০০ | ১০০০০ | ৯৯০০ | ৯৮০০ | ৯৭০০ | ৯৬০০ | ১০০০০ | ১১০০০ |
| | | [১.৭] বৈদ্যুতিক উপকেন্দ্রের অনুমোদন প্রদান | [১.৭.১] নবায়নকৃত লাইসেন্স | সংখ্যা | ২.০০ | ২৭০৯ | ৩০০০ | ২৮০০ | ২৭৫০ | ২৭০০ | ২৬৫০ | ২৬০০ | ২৮৫০ | ২৯০০ |
| | | [১.৮] সোলার মিনি গ্রিড স্থাপন | [১.৮.১] স্থাপনকৃত সোলার মিনি গ্রিড | সংখ্যা | ২.০০ | | ৩.০০ | ৫.০০ | | | | | ৫.০০ | ৬.০০ |
| [২] বিদ্যুৎ উৎপাদন খাতের উন্নয়ন। | ২০ | [২.১] নতুন উৎপাদন ক্ষমতা বৃদ্ধি | [২.১.১] নতুন বৃদ্ধিপ্রাপ্ত উৎপাদন-১২৩৫ | মেগাওয়াট | ১৩.০০ | ১১৩৫ | ৮৫৭ | ১২৩৫ | | | | | ৭৭৫ | ১৫৬৯ |
| | | [২.২] বিদ্যমান বিদ্যুৎ কেন্দ্র সমূহের ক্ষমতা বৃদ্ধি | [২.২.১] ক্ষমতা বৃদ্ধি | মেগাওয়াট | ৭.০০ | | ৭৫ | | | | | | ০ | ১৮০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] বিদ্যুৎ সঞ্চালন খাতের উন্নয়ন। | ১৭ | [৩.১] সঞ্চালন লাইন বৃদ্ধি | [৩.১.১] বর্ধিত লাইন | সার্কিট কি:মি: | ৫.০০ | ৩২৯ | ১৫০ | ২০০ | ১৯০ | ১৮০ | ১৭০ | ১৬০ | ৫৫২ | ১০৭৬ |
| | | [৩.২] গ্রিডের ক্ষমতা বৃদ্ধি | [৩.২.১] বর্ধিত ক্ষমতা | এমভিএ | ৭.০০ | ১৯২৩ | ৫০০ | ১০০০ | ৯৫০ | ৯০০ | ৮৫০ | ৮০০ | ১৫০০ | ৩০০০ |
| | | [৩.৩] সঞ্চালন ব্যবস্থার উন্নয়ন | [৩.৩.১] সঞ্চালন লস হ্রাস | % | ৫.০০ | ২.৭৫ | ২.৯০ | ২.৮৫ | ২.৮৭ | ২.৮৮ | ২.৮৯ | | ২.৮০ | ২.৭৫ |
| [৪] বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠি বৃদ্ধি। | ৬ | [৪.১] বিদ্যুৎ সুবিধার আওতাভুক্ত জনসংখ্যা | [৪.১.১] সুবিধাপ্রাপ্ত জনসংখ্যা | % | ৬.০০ | ৭০ | ৭৬ | ৭৮ | ৭৭.৫০ | ৭৭.০০ | ৭৬.৫০ | | ৮০ | ৮২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | [১.১] ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-০৫-২০১৬ | ১৬-০৫-২০১৬ | ১৭-০৫-২০১৬ | ১৮-০৫-২০১৬ | ১৯-০৫-২০১৬ | | |
| | | [১.২] ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৮-২০১৬ | ১৬-০৮-২০১৬ | ১৭-০৮-২০১৬ | ১৮-০৮-২০১৬ | ২১-০৮-২০১৬ | | |
| | | [১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০১-২০১৭ | ০১-০২-২০১৭ | ০২-০২-২০১৭ | ০৫-০২-২০১৭ | ০৬-০২-২০১৭ | | |
| | | [১.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [১.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ৩০-০৬-২০১৬ | | | | | | |
| | | [১.৬] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৬.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | [২.১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১.০০ | | | ২৮-০২-২০১৭ | ৩০-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [২.২] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | [২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৪.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৩.২] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.২.১] ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৭-২০১৬ | ১৪-০৮-২০১৬ | | | | | |
| | | | [৩.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| [৪] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | [৪.১] অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | [৪.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.২] সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | [৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.৩] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [৪.৩.১] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | | |
| | | [৫.২] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.২.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৬ | ২৯-১০-২০১৬ | ১৫-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | ১৫-১২-২০১৬ | | |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | [৬.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৬.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, বিদ্যুৎ বিভাগ, মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বিদ্যুৎ বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সচিব<br>বিদ্যুৎ বিভাগ<br>বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | ০৪.০৮.২০১৬<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ০৪.০৮.২০১৬<br>তারিখ |

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিপিডিবি | বাংলাদেশ পাওয়ার ডেভলপমেন্ট বোর্ড |
| ২ | বিআরইবি | বাংলাদেশ রুরাল ইকেক্ট্রিফিকেশন বোর্ড |
| ৩ | ডেসকো | ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড |
| ৪ | ওজোপাডিকো | ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড |
| ৫ | এপিএসসিএল | আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিমিটেড |
| ৬ | ইজিসিবি | ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড |
| ৭ | আরপিসিএল | রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড |
| ৮ | নওপাজেকো | নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড |
| ৯ | পিজিসিবি | পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড |
| ১০ | এমআইএস | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ১১ | এমওডি | মান্থলি অপারেশন ডাটা |
| ১২ | এমভিএ | মেগাভোল্ট অ্যাম্পিয়ার |
| ১৩ | এমএমসিএফডি | মিলিয়ন কিউবিক ফিট পার ডে |
| ১৪ | ইএসিইআই | ইলেকট্রিক্যাল এডভাইজার এন্ড চিফ ইলেকট্রিক্যাল ইন্সপেকটর |
| ১৫ | ডিপিডিসি | ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড |
| ১৬ | এসএআইডিআই | সিস্টেম এভারেজ ইন্টারাপশন ডিউরেশন ইনডেক্স |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] বিতরণ লাইন সম্প্রসারণ | [১.১.১] সংযোজিত লাইন | সরকারি ও বেসরকারি খাতে নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের মাধ্যমে উৎপাদন ক্ষমতা বৃদ্ধি | বিউবো, এপিএসসিএল, আরপিসিএল, ইজিসিবি ও নওপাজেকো | পাওয়ার সেলের KPI অগ্রগতির প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস ও নিরীক্ষা প্রতিবেদনের মাধ্যমে পরিমাপ করা হয় | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.২] উপকেন্দ্রের ক্ষমতা সংযোজন | [১.২.১] ক্ষমতা বর্ধিতকরণ | পুরাতন ও জরাজীর্ণ বিদ্যুৎ কেন্দ্রসমূহের সংস্কারের মাধ্যমে উৎপাদন ক্ষমতা বৃদ্ধি | বিউবো | পাওয়ার সেলের KPI অগ্রগতির প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস ও নিরীক্ষা প্রতিবেদনের মাধ্যমে পরিমাপ করা হয় | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] বিতরণ সিস্টেম লস হ্রাসকরণ | [১.৩.১] সিস্টেম লস | বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন, জবাবদিহিতা ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে বিদ্যুৎ সংস্থা/কোম্পানিসমূহের সিস্টেম লস হ্রাসকরণ | বিউবো, বাপবিবো, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো | পাওয়ার সেলের KPI অগ্রগতির প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস ও নিরীক্ষা প্রতিবেদনের মাধ্যমে পরিমাপ করা হয় | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] প্রি-পেমেন্ট মিটার প্রবর্তন | [১.৪.১] প্রি-পেইড মিটার স্থাপন | গ্রাহকের বিদ্যুৎ বিল পরিশোধে ভোগান্তি ও রাজস্ব আদায় নিশ্চিতকরণ ও এনার্জি সাশ্রয়ের লক্ষ্যে প্রি-পেমেন্ট মিটার স্থাপন বৃদ্ধি | বিউবো, বাপবিবো, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো | পাওয়ার সেলের KPI অগ্রগতির প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস ও নিরীক্ষা প্রতিবেদনের মাধ্যমে পরিমাপ করা হয় | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [২.২] বিদ্যমান বিদ্যুৎ কেন্দ্র সমূহের ক্ষমতা বৃদ্ধি | [২.২.১] ক্ষমতা বৃদ্ধি | জাতীয় গ্রিড থেকে সরবরাহকৃত বিদ্যুৎ জনগণের নিকট পৌঁছানোর লক্ষ্যে বিতরণ উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি/নির্মাণ | বিউবো, বাপবিবো, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো | পাওয়ার সেলের KPI অগ্রগতির প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস ও নিরীক্ষা প্রতিবেদনের মাধ্যমে পরিমাপ করা হয় | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৩.১] সঞ্চালন লাইন বৃদ্ধি | [৩.১.১] বর্ধিত লাইন | সমগ্র দেশে উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রিডে সঞ্চালনের লক্ষ্যে নতুন সঞ্চালন লাইন নির্মাণ | পিজিসিবি | পাওয়ার সেলের KPI অগ্রগতির প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস ও নিরীক্ষা প্রতিবেদনের মাধ্যমে পরিমাপ করা হয় | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] গ্রিডের ক্ষমতা বৃদ্ধি | [৩.২.১] বর্ধিত ক্ষমতা | উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রিডের মাধ্যমে সঞ্চালনের লক্ষ্যে গ্রীড উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি/নির্মাণ | পিজিসিবি | পাওয়ার সেলের KPI অগ্রগতির প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস ও নিরীক্ষা প্রতিবেদনের মাধ্যমে পরিমাপ করা হয় | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] সঞ্চালন ব্যবস্থার উন্নয়ন | [৩.৩.১] সঞ্চালন লস হ্রাস | বিদ্যুৎ সঞ্চালন লাইনের ক্ষমতা ও গ্রিড উপকেন্দ্রের ক্ষমতা সম্প্রসারণের মাধ্যমে সঞ্চালন লস হ্রাস | পিজিসিবি | পাওয়ার সেলের KPI অগ্রগতির প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস ও নিরীক্ষা প্রতিবেদনের মাধ্যমে পরিমাপ করা হয় | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অন্যান্য | পেট্রোবাংলা | ক্ষমতা বৃদ্ধি,নতুন বৃদ্ধিপ্রাপ্ত উৎপাদন-১২৩৫ | প্রাকৃতিক গ্যাস | বিদ্যুৎ উৎপাদনের জন্য মূল জ্বালানি | উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |
| অন্যান্য | বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন | ক্ষমতা বৃদ্ধি,নতুন বৃদ্ধিপ্রাপ্ত উৎপাদন-১২৩৫ | তরল জ্বালানি | বিদ্যুৎ উৎপাদনের জন্য মূল জ্বালানি | উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |